

শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ

আমার মেয়ে মোনাশেতা মারিয়া রহমান '৯৯ সালের এসএসসি পরীক্ষায় অগ্রণী' স্কুল হইতে প্রথম বিভাগে ছয়টি লেটার এবং স্টার মার্কস সহ বিজ্ঞান বিভাগ হইতে ৮৪২ নম্বর পাইয়া উত্তীর্ণ হইয়াছে। স্কুলে থাকাকালীন সে নবম ও দশম শ্রেণীর পাঠ্যসূচী মোতাবেক ঐচ্ছিক বিষয় হিসাবে উচ্চতর গণিতের স্থলে কম্পিউটার সাইন্স নিয়াছিল। বর্তমানে বিভিন্ন কলেজে ভর্তি পরীক্ষা হিসাবে বিজ্ঞান বিভাগে পদার্থবিদ্যা, জীববিদ্যা, রসায়নবিদ্যা এবং সাধারণ গণিত ও উচ্চতর গণিত ধার্য করা হইয়াছে। ভাল কলেজগুলিতে খোঁজ নিয়া জানিতে পারিলাম বিশেষ করিয়া হলিক্রস কলেজে ভর্তি হইতে হইলে উক্ত বিষয়সমূহের পরীক্ষা দিতে হইবে এবং নটরডেম কলেজে উচ্চতর গণিত ছাড়া ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারিবে না। যেহেতু আমার মত অনেকের মেয়ে, ছেলে বা ছাত্র-ছাত্রীরা উচ্চতর গণিতের স্থলে কম্পিউটার বিজ্ঞান নিয়াছে, তাহারা কিভাবে উক্ত কলেজে উক্ত বিষয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবে? আমার মনে হয় নবম ও দশম শ্রেণীতে ঐচ্ছিক বিষয় বা ৪র্থ বিষয় হিসাবে উচ্চতর গণিত বা কম্পিউটার বিজ্ঞান থাকিলে ভর্তি পরীক্ষায়ও উচ্চতর গণিত বা কম্পিউটার বিজ্ঞান ভর্তি পরীক্ষার বিষয় হওয়া উচিত। অন্যথায় অনেক ভাল ছাত্র-ছাত্রী ভাল কলেজে ভর্তির সুযোগ হইতে বঞ্চিত হইবে। সুতরাং, শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ সমীপে এই সমস্যা সমাধানের জন্য সবিনয়ে অনুরোধ করিতেছি।

ডাঃ মুজিবুর রহমান মামুন,
শিশু বিশেষজ্ঞ ও কনসালটেন্ট,
নিবেদিতা শিশু হাসপাতাল লিঃ,
১১/১ হেয়ার স্ট্রীট
ওয়ারী, ঢাকা।